

শিক্ষকদের আন্তরিকভাবে পাঠদান করতে হবে

বাহ্যমন্ত্রী

বাহ্য ও পরিবার কল্যাণমন্ত্রী ড. বন্দুকার মোশাররফ হোসেন বলেছেন, প্রাথমিক শিক্ষার মানের ওপর শিক্ষাজীবনের পরবর্তী পর্যায়ের ফলাফল নির্ভরশীল। সে কারণে প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে শিক্ষকদের আন্তরিকভাবে পাঠদান করতে হবে।

তিনি গতকাল কুমিল্লার দাউদকান্দি উপজেলার গৌরীপুর বাজার ঈদগাহ মাঠে উপজেলা প্রাথমিক শিক্ষক-শিক্ষিকাদের উদ্যোগে আয়োজিত বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি, কুমিল্লা জেলা শাখার সিনিয়র সহ-সভাপতি এবং দাউদকান্দি উপজেলা শাখার সাধারণ সম্পাদক মরহুম সরকার আনোয়ারুল করীর মরণে শোকসভায় প্রধান অতিথির বক্তৃতা করছিলেন।

প্রাথমিক শিক্ষক সমিতি, দাউদকান্দি উপজেলা শাখার সভাপতি মোঃ মনিরুল হকের সভাপতিত্বে শোকসভায় বক্তৃতা করেন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, উপজেলা বিএনপি সভাপতি একেএম শামসুল হক, উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাদেক হোসেন, মরহুম শিক্ষকের বড় ভাই আনোয়ারুল হক, মরহুমের পত্নী ফরিদা আর্ভতার এবং প্রাথমিক শিক্ষক সমিতি কুমিল্লা জেলা শাখার সভাপতি মাওলানা আলী আশরাফ প্রমুখ।

তথ্যবিবরণী।